শ্রেণি: এইচএসসি

বিষয়: কৃষিশিক্ষা ১ম পত্র

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

১২৫ টি
মোট প্রশ্ন

১২৫ টি
ইউনিক প্রশ্ন

স্মার্ট সাইট ও অ্যাপের বিশেষ ফিচারসমূহ

- ✓ উত্তর, ব্যাখ্যা ও AI ডাউট সলভিং
- ✓ দেশসেরা লিডারবোর্ড
- ✓ প্রোগ্রেস এনালিটিক্স
- ✓ AI অ্যাসিসটেন্ট ও সলভার
- ✓ বিশাল সংখ্যক প্রশ্ন ব্যাংক
- ✓ কাস্টম মক টেস্ট

QR স্ক্যান করে প্র্যাকটিস করুন

স্যাট একাডেমি

# বহুনির্বাচনী প্রশ্ন

১. কোনটি ব্যাকটেরিয়া?

(ক) ট্রাইকোডার্মা (খ) রাইজোবিয়াম
(গ) কোলেট্রোটিকাম (ঘ) অ্যাজোলা

২. ছায়া পছন্দকারী উদ্ভিদ হলো-

i. তুলা
ii. চা
iii. আদা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩. নিচের কোনটি ট্রাইকোডার্মা?

(ক) মিথোজীবী ছত্রাক (খ) অমিথোজীবী ছত্রাক
(গ) মিথোজীবী শৈবাল (ঘ) অমিথোজীবী শৈবাল

৪. BARI-এর প্রধান কার্যালয় কোথায়?

(ক) গাজীপুর (খ) ফরিদপুর
(গ) জামালপুর (ঘ) পিরোজপুর

৫. নিচের কোনটি উদ্যান ফসল?

(ক) তুলা (খ) ধান
(গ) পাট (ঘ) গোল আলু

৬. রেশম পোকার প্রধান খাদ্য কোন গাছের পাতা?

(ক) তুলা (খ) তুঁত
(গ) তেতুল (ঘ) নিম

৭. জলবায়ু বলতে কত বছরের গড় অবস্থাকে বোঝায়?

(ক) ৫-১০ (খ) ১০-১৫
(গ) ২০-৩০ (ঘ) ৪০-৫০

৮. সবজি ও সালাদ হিসাবে খাওয়া যায় নিচের কোনটি?

(ক) রসুন (খ) আলু
(গ) পিঁয়াজ (ঘ) হলুদ

৯. রেশম চাষকে কী বলে?
(ক) এপিকালচার
(খ) সেরিকালচার
(গ) হর্টিকালচার
(ঘ) পিসিকালচার

১০. শাক-সবজি পচনের প্রধান কারণ কোনটি
(ক) তাপমাত্রা
(খ) আর্দ্রতা
(গ) ক্ষত
(ঘ) শ্বসন

১১. কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর কোথায় অবস্থিত?
(ক) জয়দেবপুর
(খ) মহাখালী
(গ) ধানমন্ডি
(ঘ) খামারবাড়ি

১২. শিম জাতীয় শস্য চাষ করলে কোনটি সংযোজন হয়?
(ক) অক্সিজেন
(খ) হাইড্রোজেন
(গ) নাইট্রোজেন
(ঘ) পটাশিয়াম

১৩. ভাইরাসের সংক্রমণে ধানের কোন রোগটি হয়?
(ক) টুংরো
(খ) পাতা ঝলসানো
(গ) ব্লাস্ট
(ঘ) খোল পচা

১৪. আখের চাষের সবচেয়ে উন্নত পদ্ধতি কোনটি?
(ক) রোপা
(খ) পরিখা
(গ) এসটিপি
(ঘ) এনটিপি

১৫. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৫৭
(খ) ১৯৬১
(গ) ১৯৬৫
(ঘ) ১৯৬৯

১৬. পেয়ারা গাছের বংশ বিস্তারে প্রধান মাধ্যম কোনটি?
(ক) গুটি কলম
(খ) জোড় কলম
(গ) কুঁড়ি সংযোজন
(ঘ) কাটিং

১৭. আখের লাল পচা রোগের কারণ নিচের কোনটি?
(ক) ভাইরাস
(খ) ব্যাকটেরিয়া
(গ) মাইকোপ্লাজমা
(ঘ) ছত্রাক

১৮. কোন মাটিতে কমলা ভালো হয়?
(ক) ক্ষারীয়
(খ) লোনা
(গ) অম্লীয়
(ঘ) নিরপেক্ষ

১৯. কৃষি তথ্য পাওয়ার যেকোনো সময় সবচেয়ে বড় ও দ্রুততম মাধ্যম কোনটি?
(ক) ইন্টারনেট
(খ) মোবাইল ফোন
(গ) টেলিভিশন
(ঘ) রেডিও

২০. মাটির ক্ষারত্ব নিয়ন্ত্রণে কোন পুষ্টি উপাদান যোগ করতে হয়?
(ক) নাইট্রোজেন
(খ) ফসফরাস
(গ) সালফার
(ঘ) পটাশিয়াম

২১. মাটির পানির সেচের সময় ও সেচের পানির পরিমাণ নির্ধারণ করা হয়-
i. মাটির ভৌত বৈশিষ্ট্য যাচাই করে
ii. মাটিস্থ অণুজীবের কার্যাবলি যাচাই করে
iii. মাটিতে পানির পরিমাণ যাচাই করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

২২. বাংলাদেশ বীজ বিধি ১৯৯০ অনুসারে বীজকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে?
(ক) ২
(খ) ৩
(গ) ৪
(ঘ) ৫

২৩. সারাবছর কোন মাশরুম চাষ করা যায়?
(ক) ঋষি মাশরুম
(খ) বাটন মাশরুম
(গ) মিল্কী মাশরুম
(ঘ) ওয়েস্টার মাশরুম

২৪. কৃত্রিম প্রজননে সফলতা অর্জনে প্রয়োজন-
i. সঠিকভাবে পরীক্ষা নিরীক্ষা
ii. যথাসময়ে প্রজনন
iii. জীবাণুমুক্ত উপকরণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

২৫. রাইজোবিয়াম বাতাস থেকে কোনটি গ্রহণ করে?
(ক) অক্সিজেন
(খ) নাইট্রোজেন
(গ) হাইড্রোজেন
(ঘ) কার্বন-ডাইঅক্সাইড

২৬. কাইচ থোড় পর্যায় কত দিন পর্যন্ত থাকে?
(ক) ৩-৭ দিন
(খ) ৪-৫ দিন
(গ) ৮-১০ দিন
(ঘ) ১০-১৫ দিন

২৭. বিছাপোকার আক্রমণ দেখা দিলে পাটের ক্ষেতে কোন কীটনাশক স্প্রে করা উচিত?
(ক) ম্যালথিয়ন
(খ) রিপকর্ড
(গ) থিওভিট
(ঘ) সেভিন

স্যাট একাডেমি

২৮. গাছ থেকে ফল তোলার পর নিচের কোনটির নিঃসরণ বেড়ে যায়?

(ক) এনজাইম (খ) প্রোলিন
(গ) মিথেন (ঘ) ইথিলিন

২৯. কোন মাছ বিপদের সময় মুখের ভিতর পোনা রাখে?

(ক) রাজপুঁটি (খ) মিররকার্প
(গ) নাইলোটিকা (ঘ) চিংড়ি

৩০. ফরমালিনবিহীন মাছের-

i. স্লাইম থাকে
ii. ফুলকা লালচে বর্ণের হয়
iii. মাছি বসে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১. মাছের শ্বাসকষ্ট হয় কোন রোগে?

(ক) ক্ষত (খ) ড্রপসি
(গ) ফুলকা পচা (ঘ) লেজ ও পাখনা পচা

৩২. মাংস উৎপাদনের জন্য বিশ্বে সর্বাধিক জনপ্রিয় হাঁসের জাত কোনটি?

(ক) খাঁকী ক্যাম্পবেল (খ) জিনডিং
(গ) পেকিং (ঘ) ইন্ডিয়ান রানার

৩৩. গবাদিপশুকে কাঁচাঘাসের বিকল্প হিসেবে কী খাওয়ানো যেতে পারে?

(ক) খড় (খ) ভূসি
(গ) খৈল (ঘ) সাইলেজ

৩৪. গৃহপালিত পশুর বাসস্থান তৈরি করতে হয়-

i. উঁচু ও বন্যামুক্ত জায়গায়
ii. দক্ষিণমুখী করে
iii. ভালো যাতায়াত ব্যবস্থায়
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. তড়কা রোগের লক্ষণ কোনটি?

(ক) খিচুনি হয় (খ) মুখে ঘা হয়
(গ) ক্ষুরায় ক্ষত হয় (ঘ) চোয়াল ঝুলে পড়ে

৩৬. গাছের প্রুনিং সাধারণত কখন করতে হয়?

(ক) বর্ষার আগে (খ) বর্ষার পরে
(গ) শীতের শুরুতে (ঘ) শীতের শেষে

৩৭. কোনটির ফলে আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ ও প্রয়োগের সুযোগ সৃষ্টি হয়েছে?

(ক) কৃষি ও বৃক্ষমেলা (খ) তথ্য ও প্রযুক্তি মেলা
(গ) শিল্প ও বাণিজ্য মেলা (ঘ) বাণিজ্য মেলা

৩৮. কৃষি তৃণবনের মাধ্যমে-

i. পশুখাদ্য উৎপাদন করা যায়
ii. বায়ুরোধী গাছ লাগানো যায়
iii. বনজবৃক্ষ উৎপাদন করা যায়
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৯. কত সাল থেকে বাংলাদেশে সামাজিক বনায়নের অংশীদারিত্বমূলক কার্যক্রম শুরু হয়?

(ক) ১৯৮০ (খ) ১৯৮২
(গ) ১৯৯০ (ঘ) ১৯৯২

৪০. স্থানীয় 'কৃষি তথ্য ভান্ডার' বলা হয় কাকে?

(ক) সাধারণ কৃষক (খ) অভিজ্ঞ কৃষক
(গ) বয়স্ক কৃষক (ঘ) কৃষক সভা

৪১. ধানের জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান হচ্ছে-

(ক) BARI (খ) BRRI
(গ) BSRI (ঘ) SRDI

৪২. টমেটোকে উদ্যান ফসল বলার কারণ-

(ক) ফসলের নিবিড় যত্নের প্রয়োজন হয়
(খ) ফসলের লাভ ও ব্যয়ের অনুপাত বেশি হয়
(গ) সমস্ত ফসল একত্রে পরিপক্ক ও সংগ্রহ করা হয়
(ঘ) ফসলের মূল্য মৌসুমের শুরুতে বেশি হয়

৪৩. এ টু আই' প্রকল্প সেবা কীভাবে দেওয়া হয়?

(ক) এনজিও (খ) ইন্টারনেট
(গ) উঠোন বৈঠক (ঘ) স্থানীয় প্রতিষ্ঠান

© Satt Academy
Visit our site: sattacademy.com

৪৪. হাইড্রোজেন আয়নের মান কমলে অম্লমানের কী পরিবর্তন হবে?

(ক) বাড়বে (খ) শূন্য হবে
(গ) পরিবর্তন হবে না (ঘ) কমবে

৪৫. ক্ষারীয় মাটির বৈশিষ্ট্য নিচের কোনটি?

(ক) বিনিময়যোগ্য আয়রনের পরিমাণ ১৫% এর বেশি
(খ) লেবু ও ডাল ফসল ভালো হয়
(গ) এ মাটির pH এর মান ৭ এর নিচে
(ঘ) মাটিতে ফসফরাসের আধিক্য থাকে

৪৬. ক্ষারীয় মাটি সংশোধন করা হয়-

(ক) জমিতে চুন প্রয়োগ করে
(খ) সালফার সার ব্যবহার করে
(গ) এঁটেল মাটি প্রয়োগ করে
(ঘ) বেলে মাটি প্রয়োগ করে

৪৭. কোন মাটির পানি ধারণ ক্ষমতা সবচেয়ে বেশি?

(ক) দোআঁশ বেলে (খ) দোআঁশ
(গ) পলি (ঘ) এঁটেল

৪৮. মাটির আর্দ্রতা সংরক্ষণে কৃত্রিম পদ্ধতিকে কী বলা হয়?

(ক) সেচ (খ) নিকাশ
(গ) মালচিং (ঘ) মৃত্তিকা সংরক্ষণ

৪৯. শিম জাতীয় শস্য চাষ করলে কোনটি সংযোজন হয়?

(ক) অক্সিজেন (খ) হাইড্রোজেন
(গ) নাইট্রোজেন (ঘ) কার্বন ডাইঅক্সাইড

৫০. AWD পদ্ধতির মূল লক্ষ্য কী?

(ক) পানি ও জ্বালানি সাশ্রয় করা
(খ) পোকা-মাকড়ের উপদ্রব্য কমানো
(গ) ফসল বেশি হয়
(ঘ) ফসল আগাম পাকে

৫১. SRI পদ্ধতিতে ব্যবহৃত ধানের চারার বয়স কত?

(ক) ১০-১৫ দিন (খ) ২০-২৫ দিন
(গ) ২৫-৩০ দিন (ঘ) ৩০-৩৫ দিন

৫২. রোগিং অর্থ-

(ক) সংরক্ষণ করা (খ) পৃথকীকরণ করা
(গ) শোধন করা (ঘ) বাছাই করা

৫৩. রোগিং করার ফলে-

i. বীজের জাতের বিশুদ্ধতা রক্ষা হয়
ii. উন্নত গুণসম্পন্ন বীজ উৎপাদন হয়
iii. বীজের অঙ্কুরোদগম ক্ষমতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৪. শাক-সবজি পচনের প্রধান কারণ কোনটি?

(ক) তাপমাত্রা (খ) আর্দ্রতা
(গ) ক্ষত (ঘ) শ্বসন

৫৫. শ্বসনের ফলে শাক-সবজি হতে কী নির্গত হয়?

(ক) কার্বন-ডাইঅক্সাইড (খ) অক্সিজেন
(গ) ইথেন (ঘ) মিথেন

৫৬. প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য বোতল বা টিনে ভালোভাবে সংরক্ষণ করাকে বলে-

(ক) ব্লাঞ্চিং (খ) ক্যানিং
(গ) কিউরিং (ঘ) ডিপফ্রিজিং

৫৭. আব্দুল্লাহ প্রক্রিয়াজাত খাদ্যে কোন পদার্থটি ব্যবহার করেন?

(ক) ইথিলিন (খ) ভিনেগার
(গ) এসিটিক এসিড (ঘ) সাইট্রিক এসিড

৫৮. উদ্দীপকে অম্লীয়-রাসায়নিক সংরক্ষক ব্যবহৃত হয়?

i. আচার তৈরিতে
ii. সস তৈরিতে
iii. চাটনি তৈরিতে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৯. সবজির গায়ে তেল মাখলে কী হয়?

(ক) দেখতে সুন্দর হয় (খ) সংরক্ষণ গুণ ভালো হয়
(গ) বাজার মূল্য বেশি হয় (ঘ) পরিবহনে সুবিধা হয়

৬০. ডক্টরস ফাঙ্গাস বলা হয় নিচের কোনটিকে?

(ক) ট্রাইকোডার্মা (খ) রাইজোবিয়াম
(গ) অ্যাজোলা (ঘ) অ্যাজোটোব্যাক্টার

সাট একাডেমি

৬১. অ্যাজোলা কোন ফসলের জন্য উপযোগী?

(ক) মসুর (খ) তুলা

(গ) ধান (ঘ) আখ

৬২. রেশম পোকার জীবনচক্রের যে পর্যায় থেকে সুতা সংগ্রহ করা হয় তার নাম হলো-

(ক) মালবেরি মথ (খ) পরিপূর্ণ লার্ভা

(গ) কোকুন (ঘ) ঘপুল

৬৩. মাশরুম বীজকে কী বলা হয়?

(ক) ড্রোন (খ) কোকুন

(গ) স্পন (ঘ) লার্ভা

৬৪. মৌমাছি পালনের খামারকে কী বলা হয়?

(ক) নেপিয়ারি (খ) নেপিয়ার

(গ) এপিয়ারি (ঘ) এপিয়ার

৬৫. ফ্রেঞ্চ ফ্রাই তৈরির জন্য কোন সবজি ব্যবহৃত হয়?

(ক) বেগুন (খ) টমেটো

(গ) আলু (ঘ) শিম

৬৬. ধানের টুংরো রোগের কারণ কী?

(ক) ছত্রাক (খ) ভাইরাস

(গ) ব্যাকটেরিয়া (ঘ) মাইকোরাইজা

৬৭. ধানের শীষের উপরিভাগের কত শতাংশ পরিপক্ক হলে ধান কাটার সময় হয়?

(ক) ৬০% (খ) ৭০%

(গ) ৮০% (ঘ) ৯০%

৬৮. নিচের কোনটি আখের জাত?

(ক) ঈশ্বরদী ২/৫৪ (খ) কিরনী

(গ) বাংলামতি (ঘ) ঝিটকা

৬৯. সবচেয়ে পুরাতন ও বৃহত্তম শিল্প কোনটি?

(ক) কুটির শিল্প (খ) চামড়া শিল্প

(গ) কৃষি (ঘ) খণিজ সম্পদ আহরণ

৭০. মাঠ ফসলের বৈশিষ্ট্য হলো-

i. এক বর্ষজীবী ফসল

ii. নিচু ও মাঝারি নিচু জমিতে চাষ করা হয়

iii. ধাপে ধাপে ফসল সংগ্রহ করা হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭১. নিচের কোনটি উদ্যান ফসল?

(ক) ধান (খ) পাট

(গ) ছোলা (ঘ) আম

৭২. মাটির ক্ষারত্ব নিয়ন্ত্রণে কোনটি ব্যবহৃত হয়?

(ক) ডলোচুন (খ) গন্ধক/সালফার

(গ) কাঠের গুঁড়া (ঘ) ঝিনুক চূর্ণ

৭৩. নিচের কোন মাটি কৃষি কাজের উপযোগী নয়?

(ক) দোআঁশ মাটি (খ) এঁটেল মাটি

(গ) বেলে মাটি (ঘ) পলি মাটি

৭৪. মাটির বুনট শ্রেণি কতটি?

(ক) ৮টি (খ) ১০টি

(গ) ১২টি (ঘ) ১৪টি

৭৫. SRI পদ্ধতিতে কতদিন বয়সের ধানের চারা রোপণ করতে হয়?

(ক) ১০-১৫ দিন (খ) ১৫-২০ দিন

(গ) ২০-২৫ দিন (ঘ) ২৫-৩০ দিন

৭৬. পাহাড়ি এলাকায় কোন পদ্ধতিতে সেচ প্রদান করা হয়?

(ক) ফোঁটা সেচ (খ) ফোয়ারা সেচ

(গ) নালা সেচ (ঘ) থালা সেচ

৭৭. রিবন রেটিং পদ্ধতিতে পাট পচাতে কতদিন সময় লাগে?

(ক) ১০-১২ দিন (খ) ১২-১৫ দিন

(গ) ১৫-২০ দিন (ঘ) ১৮-২২ দিন

৭৮. ভালো বীজের অঙ্কুরোদগম ক্ষমতা শতকরা কত ভাগ?

(ক) ৫০-৬০% (খ) ৬০-৭০%

(গ) ৭০-৮০% (ঘ) ৮০-৯০%

৭৯. নিচের কোনটি আলুবীজ শোধনকারী ঔষধ?

(ক) ম্যালাথিয়ন (খ) ফসটকসিন

(গ) বোরিক এসিড (ঘ) রোটেনন

সাট একাডেমি

৮০. রোগিং করলে ফসলের-

(ক) শারীরিক বৃদ্ধি ভালো হয়

(খ) জাতের বিশুদ্ধতা রক্ষা হয়

(গ) রোগ কম হয়

(ঘ) জমিতে কম সেচ দিতে হয়

৮১. ফল ও শাকসবজি পচনের প্রধান কারণ কোনটি?

(ক) পোকামাকড় (খ) শ্বসন

(গ) তাপমাত্রা (ঘ) জীবাণু

৮২. শুকিয়ে সংরক্ষণ করা হয় কোন ফল?

(ক) কমলা (খ) আঙ্গুর

(গ) পেয়ারা (ঘ) কলা

৮৩. জেলি তৈরিতে কোন ধরনের ফল ব্যবহৃত হয়?

(ক) কার্বোহাইড্রেট সমৃদ্ধ ফল

(খ) পেকটিন সমৃদ্ধ

(গ) আয়রন সমৃদ্ধ ফল

(ঘ) ল্যাকটিক এসিড সমৃদ্ধ ফল

৮৪. হিমাগারে ফল ও সবজি সংরক্ষণ করা যায়-

(ক) অক্সিজেনের মাত্রা কমিয়ে

(খ) তাপমাত্রা কমিয়ে এবং আর্দ্রতা ও কার্বন-ডাইঅক্সাইড বাড়িয়ে

(গ) তাপমাত্রা বাড়িয়ে

(ঘ) অক্সিজেনের মাত্রা বাড়িয়ে

৮৫. তেল বা ভিনেগারে আচার সম্পৃক্ত করলে-

i. স্থান পরিবর্তিত হয়

ii. জীবাণুর কার্যক্রম বন্ধ হয়

iii. সংরক্ষণ ক্ষমতা বাড়ে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮৬. কোন ধানে আগাছার প্রকোপ বেশি দেখা যায়?

(ক) বোনা আমন (খ) রোপা আমন

(গ) বোনা আউশ (ঘ) বোরো

৮৭. আখের লাল পচা রোগ কীসের আক্রমণে হয়?

(ক) ভাইরাস (খ) ব্যাকটেরিয়া

(গ) ছত্রাক (ঘ) নেমাটোড

৮৮. নিচের কোনটি ভূমি সংরক্ষণের উপায়?

(ক) বৃক্ষ নিধন (খ) জৈব সার প্রয়োগ

(গ) অধিক চাষ (ঘ) নিবিড় চাষ

৮৯. ফলে কোন উপাদানটি বেশি পরিমাণ থাকে?

(ক) খনিজ লবণ (খ) প্রোটিন

(গ) ভিটামিন (ঘ) শর্করা

৯০. শাকসবজি শোধনে কোন গ্যাসের ধোঁয়া ব্যবহার করা হয়?

(ক) $CO_2$ (খ) $SO_2$

(গ) $H_2S$ (ঘ) $N_2O$

৯১. সবজিতে কোন রসের উপস্থিতি পচনে সাহায্য করে?

(ক) গ্লুকোজ (খ) সুক্রোজ

(গ) গ্লাইকোজেন (ঘ) পেকটিন

৯২. অল্পসহনশীল ফসল কোনটি?

(ক) সরিষা (খ) তুলা

(গ) চা (ঘ) টমেটো

৯৩. বাংলাদেশে উপকূলীয় বনভূমির পরিমাণ কত?

(ক) ৫০ হাজার হেক্টর (খ) ১০০ হাজার হেক্টর

(গ) ২০০ হাজার হেক্টর (ঘ) ২৫০ হাজার হেক্টর

৯৪. রাইজোবিয়াম অণুজীব সার মাটিতে সরবরাহ করে?

(ক) ফসফরাস (খ) পটাশিয়াম

(গ) সালফার (ঘ) নাইট্রোজেন

৯৫. কাকে ডক্টর ফাংগাস বলা হয়?

(ক) এ্যাজোলা (খ) ট্রাইপেডার্মা

(গ) রাইজোবিয়াম (ঘ) ট্রাইকোডারমা

৯৬. রেশম চাষকে ইংরেজিতে কী বলে?

(ক) এগ্রিকালচার (খ) সেরিকালচার

(গ) প্রনকালচার (ঘ) এডিসকালচার

৯৭. রেশম পোকা পালনে খাদ্য হিসেবে কোন গাছের পাতা ব্যবহার করা হয়?

(ক) নিম (খ) তেঁতুল

(গ) তুঁত (ঘ) মেহগনি

স্যাট একাডেমি

৯৮. উপযুক্ত বয়সে আখ কাটার ওপর নির্ভর করে এর-
i. ফলন
ii. চিনির পরিমাণ
iii. ছোবড়ার পরিমাণ
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯৯. মাটির pH কত থাকলে গাছ সহজেই পুষ্টি উপাদান গ্রহণ করতে পারে?

(ক) ৩.৮-৪.৭ (খ) ৪.৮-৫.৫
(গ) ৫.৫-৮ (ঘ) ৮-৯

১০০. কোন ভূমিক্ষয়কে মাটি গঠন প্রক্রিয়ার একটি অংশ হিসেবে বিবেচনা করা হয়?

(ক) ভূমি কর্ষণ (খ) প্রাকৃতিক
(গ) সেচ (ঘ) জুম চাষ

১০১. কোন উপাদানটিকে মাটির জীবন বলা হয়?

(ক) খনিজ (খ) জৈব
(গ) বায়ু (ঘ) পানি

১০২. অম্ল মাটিতে বিষাক্ততা দেখা যায়-
i. লৌহের
ii. ফসফরাসের
iii. অ্যালুমিনিয়ামের
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০৩. জৈব সার ব্যবহারের ফলে-
i. মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি পায়
ii. মাটির বুনট ও সংযুক্তির উন্নতি ঘটে।
iii. মাটির জীবনী শক্তি বৃদ্ধি পায়।
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০৪. আলুর বীজ শোধন করতে কোনটি ব্যবহার করা হয়?

(ক) সাইট্রিক এসিড (খ) বোরিক এসিড
(গ) সালফিউরিক এসিড (ঘ) নাইট্রিক এসিড

১০৫. মাশরুম জন্মানোর জন্য প্রয়োজন-
i. অক্সিজেন
ii. খাদ্য
iii. কার্বন-ডাই-অক্সাইড
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০৬. মৌমাছির ড্রোন কে?

(ক) শ্রমিক মৌমাছি (খ) রাণী মৌমাছি
(গ) বাচ্চা মৌমাছি (ঘ) পুরুষ মৌমাছি

১০৭. ২০১৪-২০১৫ অর্থ বছরে GDP তে কৃষির বিভিন্ন খাতের সমন্বিত অবদান শতকরা কত ভাগ?

(ক) ১৪.৯৬ (খ) ১৫.৯৬
(গ) ১৬.৯৬ (ঘ) ১৭.৯৬

১০৮. কাগজ শিল্প কীসের উপর ভিত্তি করে গড়ে উঠেছে?

(ক) জলজ (খ) প্রাণিজ
(গ) বনজ (ঘ) মৎস্য

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

নানক সাহেব কোনো একটি এনজিও থেকে জৈব সারের মাধ্যমে সবজি উৎপাদন প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি জানতে পারেন, গাছের গোড়ায় লতা-পাতা দিয়ে ঢেকে দিলে ফসল ভালো হয়।

১০৯. নানক সাহেবের গাছের গোড়া ঢেকে দেওয়ার পদ্ধতিকে কী বলে?

(ক) রোগিং (খ) মালচিং
(গ) প্রুনিং (ঘ) ট্রেনিং

১১০. এই পদ্ধতি অবলম্বন করার কারণ-
i. মাটির ক্ষয়রোধ করার জন্য
ii. আর্দ্রতা সংরক্ষণের জন্য
iii. তাপমাত্রা নিয়ন্ত্রণ করার জন্য
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

স্যাট একাডেমি




১১১. উদ্দীপকে উল্লেখিত 'A' চিহ্নিত মৌসুমের অন্তর্গত ফসল-
i. কচু
ii. পাট
iii. সরিষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

শামিম পিঁয়াজ ও সরিষার বীজ উৎপাদনের জন্য পরামর্শ নেওয়ার লক্ষ্যে উপজেলা কর্মকর্তা তাকে বীজ শোধন এবং কিছু আন্তঃপরিচর্যার পরামর্শ দেন। সে মোতাবেক চাষ করে শামীম সফল হন।

১১২. বীজ শোধনে শামীম নিচের কোনটি ব্যবহার করবেন?
(ক) ফুরাডান (খ) ডায়াজিনন
(গ) ক্যাপটান (ঘ) ডাইমেক্রন

১১৩. কৃষি কর্মকর্তা পরামর্শে শামীম যে বিশেষ পরিচর্যা করেন তা হলো-
i. কীটনাশক প্রয়োগ করা
ii. পৃথকীকরণ দূরত্ব বজায় রাখা
iii. সময়মত রোগিং
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

রাফির গ্রামের এলাকার মাটি খুব শক্ত তবে একটু বৃষ্টি হলেই কাদা হয়। তাই তারা শীতকালীন সবজি উৎপাদন ভালোভাবে করতে পারে না।

১১৪. উদ্দীপকের মাটির ধরন নিচের কোনটি?
(ক) এঁটেল (খ) পলি
(গ) দোআঁশ (ঘ) বেলে

১১৫. উদ্দীপকের মাটির বৈশিষ্ট্য-
i. এই মাটির পানি ধারণ ক্ষমতা বেশি
ii. গ্রীষ্মকালীন সময়ে মাটি ফাটল ধরে
iii. মিষ্টি আলু খুব ভালো জন্মে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

নবম শ্রেণির ছাত্র মাহিম কৌতুহলবশত দোকান থেকে লাল রঙের ১০টি ডিম ক্রয় করে বাচ্চা ফোটানোর উদ্দেশ্যে বাড়ির কুঁচে মুরগি দিয়ে ডালার ভিতর বসিয়ে দেয়। কিন্তু ২১ দিন পর সে দেখতে পেল ১টি ডিমও ফুটে বাচ্চা বের হয়নি।

১১৬. বাচ্চা ফোটানোর উপযোগী ডিমকে কী বলে?
(ক) ভালো ডিম (খ) সুস্থ ডিম
(গ) বাওয়া ডিম (ঘ) উর্বর ডিম

১১৭. মাহিমের কেনা ডিম থেকে বাচ্চা না হওয়ার কারণ ডিমগুলো ছিল-
i. খাওয়ার জন্য উৎপাদিত
ii. দোকান থেকে কেনা
iii. অনুর্বর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

তাহমিদ প্রায় প্রতিদিনই ব্রেডের সাথে একটি বিশেষ উপাদান মাখিয়ে নাস্তা সম্পন্ন করে যা অত্যন্ত সুস্বাদু ও পুষ্টিকর।

১১৮. উক্ত উপদানটির নাম কী?
(ক) মোরব্বা (খ) টমেটো সস
(গ) জেলি (ঘ) আচার

১১৯. উপাদানটি তৈরির উপকরণ-

i. চিনি

ii. পেকটিন

iii. সাইট্রিক এসিড

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

অভিজ্ঞ চাষি মনসুরের পরামর্শে মোসলেম মিয়া এবার তার ধানের জমিতে এ্যাজোলার চাষ করেন। এতে মোসলেম মিয়ার রাসায়নিক সারের খরচ অর্ধেকে নেমে আসে। মোসলেম মিয়াকে মনসুর জানায় এ্যাজোলা একই সাথে দুই সারের কাজ করে।

১২০. এ্যাজোলা সারে কোন উপাদান থাকে?

(ক) নাইট্রোজেন　(খ) ফসফরাস

(গ) পটাশ　(ঘ) সালফার

১২১. এ্যাজোলা সার একই সাথে কাজ করে-

i. জৈব সারের

ii. কম্পোস্ট সারের

iii. অণুজীবী সারের

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

জব্বার হাওলাদার একজন সবজি চাষি। তিনি তার বাড়ির পাশের জমিতে ফুলকপি, পালংশাক ও টমেটোর চাষ করেন।

১২২. উদ্দীপকের ফসলগুলো-

(ক) মাঠ ফসল　(খ) উদ্যান ফসল

(গ) আঁশ জাতীয় ফসল　(ঘ) পশুখাদ্য ফসল

১২৩. উদ্দীপকের ফসলগুলোর বৈশিষ্ট্য হলো-

i. এক বর্ষজীবী ফসল

ii. উঁচু ও মাঝারি উঁচু জমিতে চাষ করা হয়

iii. ধাপে ধাপে ফসল সংগ্রহ করা হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

শিরিন আক্তার বিভিন্ন খাদ্য সামগ্রী সংরক্ষণ করতে এক ধরনের অম্লীয়, তরল পদার্থ ব্যবহার করেন। এ ধরনের পদার্থে যে এসিড থাকে তা খাদ্যের সংরক্ষক হিসেবে কাজ করে।

১২৪. শিরিন আক্তার কোন পদার্থটি ব্যবহার করেন?

(ক) ইথিলিন　(খ) ভিনেগার

(গ) ফরমালিন　(ঘ) ল্যাকটিক এসিড

১২৫. রাসায়নিক সংরক্ষক ব্যবহৃত হয়-

(ক) চিপস তৈরিতে　(খ) ফেন্স ফ্রাই তৈরিতে

(গ) আচার তৈরিতে　(ঘ) সস তৈরিতে

স্যাট একাডেমি

✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

**আরও দেখুন: sattacademy.com**

⚠️ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390

স্যাট একাডেমি